

## **H I G H L I G H T S**

AL GS says, Appointment of CEC and Other ECs Act-2022” will be considered as a unique milestone in Bangladesh’s history - adds, BNP SG is making mischievous statements to this end.

(R. Today: 14)

Information and Broadcasting Minister says, those who spend money to foreigners against their own country to hatch conspiracies are traitors - adds, BNP has a negative mindset in everything.

(R. Today: 14)

BNP SG says, the current parliament has no moral authority to make the law on Election Commission since it’s not legally elected by people.

(R. Tehran: 09)

Police have arrested 10 people for bank fraud from different areas of the capital-The cycle mainly targets bank accounts of owners of big businessman or group in Bangladesh. (R. ABC: 11)

A cycle which police have arrested for leaking question papers in recruitment test have leaked question papers in at least 16 recruitment exams in the last 10 years. (R. ABC: 11)

Bangladeshi entrepreneurs are now able to invest their money abroad if they want - the finance ministry says, seven core conditions are tied to the investment in foreign countries. (BBC: 06)

Energy officials says, Bangladesh faces acute shortages of natural gas due to rising demand - experts say, the crisis has been exacerbated by the lack of effective measures for gas extraction and exploration and the suspension of liquefied natural gas imports. (BBC: 03)

Only educational institutions have been shut down again in the wake of increasing Corona virus infection. Controversy arises, how logical it is to keep only the educational institutions closed.

(BBC: 05)

DGHS informs, 20 more people died of COVID-19 yesterday bringing deaths to 28,308 - 15,440 people tested positive taking number of confirmed cases to 17,62,771. (R. Today: 14)

Global death toll from coronavirus crosses 56,68,015 & worldwide infected cases are 370,300,215 while 292,399,174 people recover from the disease. (R. Today: 12)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**  
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**  
**মাঘ ১৫, ১৪২৮ বাংলা, জানুয়ারি ২৯, ২০২২, শনিবার, নং-২৯, ৫২ বছর**

## শিরোনাম

জাতীয় সংসদে সদ্য পাশ হওয়া নির্বাচন কমিশন আইনকে বাংলাদেশের ইতিহাসের এক অনন্য মাইলফলক বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি বলেন, বিএনপি মহাসচিব নির্বাচন কমিশনার নিয়োগের এই আইন না মানার বিষয়ে দূরভিসন্ধিমূলক বক্তব্য দিয়েছেন। (রেডিও টুডে : ১৪)

তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেছেন, দেশের বিরুদ্ধে যারা বিদেশে লবিং নিয়োগ করে তারা দেশদ্রোহী। তিনি আরো বলেন, বিএনপি সব ক্ষেত্রেই 'না' রোগে আক্রান্ত হয়ে গেছে। (রেডিও টুডে : ১৪)

বিএনপি মহাসচিব বলেছেন, নির্বাচন কমিশন আইন পাস করার কোনো এখতিয়ার এই সংসদের নেই। কারণ এটি জনগণের দ্বারা নির্বাচিত কোনো সংসদ নয়। (রেডিও তেহরান : ০৯)

রাজধানীর বিভিন্ন এলাকা থেকে ব্যাংক জালিয়াতির অভিযোগে ১০ জনকে গ্রেফতার করেছে পুলিশ - চক্রটি মূলত বাংলাদেশের বড় ব্যবসায়ী বা গ্রুপের মালিকদের ব্যাংক অ্যাকাউন্ট লক্ষ্য করে। (রেডিও এবিসি: ১১)

পুলিশ নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে এমন একটি চক্র গ্রেফতার করেছে যা গত ১০ বছরে অন্তত ১৬টি নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস করেছে। (রেডিও এবিসি: ১১)

বাংলাদেশি কোম্পানি চাইলে এখন বিদেশেও তাদের অর্থ বিনিয়োগ করতে পারবে। অর্থ মন্ত্রণালয় বলছে ৭টি শর্তে দেশিয় প্রতিষ্ঠানগুলোকে এই অনুমতি দেয়া হবে। (বিবিসি: ০৬)

দেশে গ্যাসের চাহিদার তুলনায় সরবরাহে বড় ধরনের ঘাটতি হওয়ায় এর সঙ্কট তীব্র হয়েছে বলে কর্মকর্তারা জানিয়েছেন। বিশ্লেষকেরা মনে করেন গ্যাস উত্তোলন এবং অনুসন্ধান কার্যকর পদক্ষেপ না থাকায় এবং তরল গ্যাস আমদানি বন্ধ থাকায় সংকট আরও গভীর হয়েছে। (বিবিসি: ০৩)

বাংলাদেশে ক্রমবর্ধমান করোনাভাইরাসের সংক্রমণের পরিপ্রেক্ষিতে সব শিক্ষা প্রতিষ্ঠান ছাড়া আর কিছুই বন্ধ করা হয় নাই। শুধু শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখা কতটা যৌক্তিক তা নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে। (বিবিসি: ০৫)

স্বাস্থ্য অধিদফতর গতকাল জানিয়েছে, করোনাভাইরাসের সংক্রমণে আক্রান্ত হয়ে একদিনে ২০জনের মৃত্যু হয়েছে, এ নিয়ে মৃতের সংখ্যা দাঁড়ালো ২৮ হাজার ৩০৮জনে; নতুন রোগী সনাক্ত হয়েছে ১৫,৪৪০জন; মোট সনাক্তের সংখ্যা ১৭ লাখ ৬২ হাজার ৭৭১জন। (রেডিও টুডে : ১৪)

বিশ্বজুড়ে করোনাভাইরাসে মৃত্যুর সংখ্যা ৫৬ লাখ ৬৮ হাজার ছাড়িয়ে গেছে। আর আক্রান্ত সনাক্ত হয়েছে ৩৭ কোটি ৩ লাখ মানুষ। যাদের মধ্যে সুস্থ হয়ে উঠেছেন প্রায় ২৯ কোটি ২৩ লাখ মানুষ। (রেডিও টুডে : ১২)

## বিবিসি

### চলচ্চিত্র সমিতির নির্বাচন ঘিরে গণমাধ্যম ও সামাজিক মাধ্যমে শোরগোল এবং আলোচনা দেখা যাচ্ছে

বাংলাদেশে চলচ্চিত্রশিল্পীদের একটি নির্বাচনকে ঘিরে গণমাধ্যম এবং সামাজিক মাধ্যমে যেরকম ব্যাপক শোরগোল এবং আলোচনা দেখা গেছে তা সচরাচর চোখে পড়ে না। আজ ঢাকার ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন বা এফডিসিতে এই নির্বাচনের ভোটগ্রহণ করা হয়। বাংলাদেশে দর্শকদের কাছে এখনকার চলচ্চিত্রে তেমন জনপ্রিয়তা নেই এই অভিযোগ বহুদিন ধরেই করে আসছেন চলচ্চিত্রের সাথে সংশ্লিষ্ট অনেক পক্ষ। কিন্তু এই চলচ্চিত্র শিল্পী সমিতির নির্বাচন নিয়ে মানুষের মধ্যে এত আগ্রহের কারণ কি? সহকর্মী নাগিব বাহার এফডিসিতে গিয়েছিলেন এই প্রশ্নের উত্তর খুঁজতে।

নাগিব বাহারঃ আমি এখন রয়েছি ঢাকার কারওয়ান বাজারে বাংলাদেশ ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন এফডিসির প্রাঙ্গণে। এখানে আজ চলচ্চিত্র শিল্পী সমিতির নির্বাচন চলছে। বাংলাদেশের মূল ধারার চলচ্চিত্র নিয়ে মানুষের মধ্যে কতটা আগ্রহ আছে সেটা নিয়ে প্রশ্ন তোলার সুযোগ রয়েছে কিন্তু শিল্পী সমিতির নির্বাচন নিয়ে আগ্রহ, উৎসাহ, উদ্দীপনার কোন কমতি নেই। এখানে আসলে সে বিষয়টা নিয়ে আর কোন সন্দেহ থাকবে না আপনার। এখানে আমি কয়েকজনের সাথে কথা বলেছি তারা বলছেন সমিতির নির্বাচন নিয়ে এত আগ্রহ তারাও এর আগে কখনো দেখেননি।

(জনৈক ব্যক্তি-স্বকণ্ঠে): সারা বাংলাদেশে এই বছর এই নির্বাচনের জন্য আগ্রহ আছে। জানিনা কেন এত আগ্রহ কিন্তু মিডিয়া যেমন তেমন বাংলাদেশের জনগণের আগ্রহ যে নির্বাচনটা কি হবে। আমার এত বছরের নির্বাচনে আমি এত মিডিয়া কখনো দেখিনি।

শিল্পী সমিতির নির্বাচনে এবার প্রতিদ্বন্দ্বিতা করছে দুটি পক্ষ। এক পক্ষের সভাপতি পদপ্রার্থী মিশা সওদাগর ও সাধারণ সম্পাদক পদে নির্বাচন করছেন জায়েদ খান যারা গত দুই মেয়াদে এই দায়িত্ব পালন করে আসছেন। তাদের বিপক্ষে সভাপতি পদে নির্বাচন করছেন ইলিয়াস কাঞ্চন ও সাধারণ সম্পাদক হিসেবে নিপুণ আক্তার। গত কয়েক সপ্তাহে নির্বাচন নিয়ে মূল ধারার গণমাধ্যমের পাশাপাশি ফেসবুক, ইউটিউব, টিকটক-এর মত সামাজিক মাধ্যমেও প্রকাশিত হয়েছে নির্বাচন সংক্রান্ত বহু কনটেন্ট।

নির্বাচনকে কেন্দ্র করে সামাজিক মাধ্যমে মাতামাতির কারণে এবারের নির্বাচন মানুষের মধ্যে এতটা আগ্রহ তৈরি করেছে বলে নিজের মতামত প্রকাশ করেন চিত্রনাট্য ফেরদৌস (স্বকণ্ঠে): এটার জন্য অনেকাংশে আমি বলবো মিডিয়ার দায়বদ্ধতা অনেক বেশি কারণ মিডিয়াতে একটা ছোট কিছু প্রচার হলেই সেটা সারাদেশের মানুষের কাছে চলে যাচ্ছে। সামাজিক মাধ্যমের কল্যাণে মানুষ অনেক কিছু জানে আগের থেকে। আগে যেমন একটা নিউজ হলে মানুষের কাছে পৌঁছাতে একদিন লেগে যেতো কিন্তু এটা সাথে সাথে পৌঁছাচ্ছে। সেই কারণে মানুষের আগ্রহ এবং মানুষের সব সময় আগ্রহের জায়গাটা শিল্পীদেরকে নিয়ে শিল্পীরা কিভাবে ফিরছেন। সেটা একটা বড় কারণ এবং অনেক ছোটখাটো জিনিসও মানুষের কাছে অনেক বড় আকারে পৌঁছাচ্ছে।

বাংলাদেশের চলচ্চিত্র শিল্প একটা সঙ্কটময় সময় পার করছে। সিনেমা হলগুলো দর্শক টানতে পারছে না এর ফলে বন্ধ হয়ে যাচ্ছে একের পর এক হল। কিন্তু এর পরও এই নির্বাচন নিয়ে মানুষের মাতামাতির কারণে রূপালি পর্দার শিল্পীদের নিয়ে মানুষের স্বাভাবিক আগ্রহ। এমনটাই মনে করেন অভিনেত্রী মুক্তি (স্বকণ্ঠে): নির্বাচনে আগ্রহটা মানুষের থাকবেই কারণ শিল্পীদের অনেক ভক্ত থাকে। নির্বাচন নিয়ম অনুযায়ী করতেই হবে এটা এমন কোন বিষয় না আসলে।

নির্বাচনকে কেন্দ্র করে শুক্রবার এফডিসিতে একসাথে জড়ো হয়েছিলেন পুরনো-নতুন অনেক অভিনয়শিল্পী আর এই শিল্পীদের জন্য ভক্তদের উন্মাদনার চিত্রটা দেখা যায় এফডিসির ঠিক বাইরে। কারওয়ান বাজার এফডিসির গেটের বাইরে প্রায় সারাদিনই ভিড় করে দাঁড়িয়ে ছিলেন অভিনেতাদের ভক্তরা। ভিড় নিয়ন্ত্রণের দায়িত্বে থাকা পুলিশ সদস্যরা এই উৎসুক ভক্তদের সামাল দিতে ব্যস্ত ছিলেন। গেটের বাইরে দাঁড়িয়ে থাকা কয়েকজন ভক্তের সাথে কথা বলছিলাম আমি (জনৈক ভক্ত-স্বকণ্ঠে): আমরা নির্বাচন দেখতে এসেছি। আমরা তারকাদের দেখতেও এসেছি কিন্তু তাদের ঠিক মতো দেখতে পারছি না কারণ পুলিশ আছে সেজন্য।

বাংলাদেশের চলচ্চিত্রের সাথে সংশ্লিষ্টরা বলছেন মূল ধারার চলচ্চিত্র এখন সংকটময় পরিস্থিতি পার করছে। শিল্পী সমিতির এবারের নির্বাচনে দুই প্রতিদ্বন্দ্বী দলেরই দাবি নির্বাচনে জিতলে তারা চলচ্চিত্র শিল্পকে চাঙ্গা করার জন্য কাজ করবে। (বিবিসিঃ ১৯:৩০ ঘ. ২৮/০১/২২ সাইফুর/কোহিনূর)

### বাংলাদেশে গ্যাসের তীব্র সংকট

বাংলাদেশে গ্যাসের চাহিদার তুলনায় সরবরাহে বড় ধরনের ঘাটতি হওয়ায় এর সংকট তীব্র হয়েছে বলে কর্মকর্তারা জানিয়েছেন। তারা বলেছেন এ সংকট সমাধান দিতে সময়ের প্রয়োজন। এ সংকটের নেতিবাচক প্রভাব পড়েছে গ্যাস নির্ভর শিল্পকারখানা এবং বাসাবাড়িতে। বিশ্লেষকেরা মনে করেন গ্যাস উত্তোলন এবং অনুসন্ধান কার্যকর পদক্ষেপ না

থাকায় এবং তরল গ্যাস আমদানি বন্ধ থাকায় সংকট আরও গভীর হয়েছে। জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন গ্যাস উত্তোলন এবং অনুসন্ধানের চেষ্টায় সেভাবে সাফল্য পাওয়া যাচ্ছে না। বিস্তারিত ঢাকা থেকে কাদির কল্লোলের রিপোর্টে।

ঢাকার রামপুরা এলাকায় বসবাস করেন একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আফিফা পারভীন শান্তা। তার বাসায় দিনে গ্যাসের চুলা জ্বালানোই এখন কঠিন হয়ে পড়েছে। সে জন্য তিনি সময় পরিবর্তন করে খুব সকালে এবং সন্ধ্যার পর রান্নার কাজ সেরে নেন বলে জানিয়েছেন। তিনি বলেছেন গ্যাসের সংকট তীব্র থেকে তীব্র হচ্ছে (স্বকণ্ঠে): প্রতিদিন সকাল দশটা থেকে গ্যাস কমতে শুরু করে এবং এমন পর্যায়ে চলে যায় যে তা দ্বারা রান্না হয় না। দুপুর পর্যন্ত এমন থাকে। বিকালের পর যেয়ে একটু বাড়ে। আমি কলিগের কাছে শুনেছি ওদের এলাকায় নাকি সন্ধ্যায়ও থাকে না। রাত ১২টার পরে আছে এবং সকাল ৭টা থেকে চলে যায়।

ঢাকার বিভিন্ন এলাকা থেকে একই রকম অভিযোগ পাওয়া যাচ্ছে। রাজধানীর বাইরে যেসব শহরে পাইপলাইনে গ্যাস সরবরাহ করা হয়ে থাকে এমন কয়েকটি এলাকোতেও বেশ কয়েকজনের সাথে কথা বলে গ্যাস-সংকটের অভিযোগ পাওয়া গিয়েছে।

গ্যাস নির্ভর শিল্পকারখানা মালিকদের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকেও বলা হয়েছে গ্যাসের সংকটের কারণে তাদের উৎপাদনে নেতিবাচক প্রভাব পড়ছে। যদিও কর্তৃপক্ষ বলছে এখন গ্যাস সরবরাহের ক্ষেত্রে শিল্পকারখানাকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। প্রতি বছরই শীতের সময় গ্যাসের চাপ কম থাকায় কিছুটা সমস্যা হয়। কিন্তু এবারের সংকট আগের তুলনায় তীব্র হয়েছে বলে বিশ্লেষকরা বলছেন।

গ্যাসসহ জ্বালানি বিষয়ে খোঁজ-খবর রাখেন এমন একজন সাংবাদিক অরুণ কর্মকার বলেছেন লম্বা সময় ধরে গ্যাস উত্তোলন ও অনুসন্ধান কার্যকর পদক্ষেপ না থাকার বিষয়কে তিনি এখন গ্যাস সংকটের বড় কারণ হিসেবে দেখেন (স্বকণ্ঠে): ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার যখন ক্ষমতায় আসে তখন দেশের গ্যাস ফিল্ডগুলো থেকে গ্যাস উত্তোলনের পরিমাণ ছিল ১৭০০ মিলিয়ন ঘনফুট প্রতিদিন। সরকার একটি উদ্যোগ নিয়ে দেশি এবং পিএসসির অধীনে যে বিদেশি কোম্পানিগুলো এখানে কাজ করে তাদেরকে দিয়ে এটা ১০০০ মিলিয়ন বাড়ানো হয়। নিয়ে যাওয়া হলো দৈনিক ২৭৫০ মিলিয়নে।

এর পর গ্যাস উত্তোলন এবং অনুসন্ধান বাড়ানোর উদ্যোগ ধারাবাহিকভাবে আর বজায় রাখা হয়নি। যে কারণে এখন আবার ঐ যে ২৭৫০ মিলিয়ন হয়েছিল তা কমতে কমতে এখন হয়ে গিয়েছে ২৩০০ মিলিয়ন। এটা না বাড়ানো আমাদের এখানে গ্যাস সংকটের একটি বেসিক কারণ।

সরকারি হিসেবে প্রতিদিন ৩৬০০ মিলিয়ন ঘনফুট গ্যাসের চাহিদার বিপরীতে ৮০০ মিলিয়ন ঘনফুটের মত ঘাটতি থাকছে। গ্যাসের উৎপাদন না বাড়ায় চাহিদার সাথে ঘাটতি বেড়েই চলেছে। সেই ঘাটতি মোকাবেলায় দুই বছরেরও বেশি সময় ধরে কাতার থেকে চুক্তির মাধ্যমে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আমদানি করা হচ্ছে। এছাড়া আন্তর্জাতিক খোলাবাজার থেকে আমদানি করা হচ্ছিল কিন্তু খোলা বাজারে গ্যাসের দাম অস্বাভাবিক বেড়ে যাওয়ার কারণে এক মাস ধরে সেই আমদানি বন্ধ রাখা হয়েছে। এ বিষয়কেও কোন গ্যাস সংকটের অন্যতম একটি কারণ হিসেবে দেখছেন বিশ্লেষকরা। জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ গ্যাস সংকটে বিষয়টি স্বীকার করেছেন। তিনি বলেছেন তরলীকৃত গ্যাস আমদানির পর এটি গ্যাসে রূপান্তরিত করে পাইপলাইনে দেয়ার জন্য মহেশখালীতে বঙ্গোপসাগরে যে দুটি ভাসমান টার্মিনাল রয়েছে তার একটি নষ্ট হওয়ার কারণে এখন সরবরাহে কিছুটা সমস্যা হচ্ছে (স্বকণ্ঠে): ডিপ-সি টার্মিনাল আছে আমাদের। একটি টার্মিনাল কাজ করছিল না কারণ ঐটায় একটি এক্সিডেন্ট হয়েছে। যার কারণে ওখান থেকে আমরা এখন ৩০০-৪০০ এমএমসি গ্যাসের বেশি আনতে পারি না। যার ফলে গ্যাসের একটি বড় সংকট। এটা হয়ত ফেক্সারিয়ার মাঝামাঝি সময়ের দিকে ঠিক হয়ে যাবে।

বিবিসিঃ গ্যাস উত্তোলন বা অনুসন্ধান এই কাজগুলো সেভাবে কার্যকরভাবে হয়নি। সেটাও সংকটের একটি বড় বিষয়। মি. হামিদঃ এটি বলে তো লাভ নেই। কারণ আমাদের যতটুকু গ্যাস পাওয়ার কথা সব জায়গায় আমরা উত্তোলনের কাজ করছি। আমাদের যে পরিমাণ গ্যাস আছে সেটাই তো যথেষ্ট। আমাদের তো বড় স্ট্রীকচার নেই। একটি গ্যাস ক্ষেত্র ড্রিলিং করতে ৯-১৬ বিলিয়ন ডলারের সমপরিমাণ টাকা প্রয়োজন। ১০টা ড্রিলিং করলে হয়ত ২টাতে পাওয়া যায়। জ্বালানি প্রতিমন্ত্রীর বক্তব্য হচ্ছে গ্যাসের চাহিদা বেড়েই চলেছে। সেজন্য সরবরাহে সমস্যা কিছুটা থাকবে।

বিশ্লেষকরা মনে করেন গ্যাস উত্তোলন এবং অনুসন্ধানের দিকে নজর না দিলে এই গ্যাস সংকট স্থায়ী হয়ে যেতে পারে।

(বিবিসিঃ ১৯:৩০ ঘ. ২৮/০১/২২ রিহাব/কোহিনূর)

## বাংলাদেশে কোভিডের মধ্যে সব খোলা থাকলেও বন্ধ করে দেয়া হয়েছে সবধরনের শিক্ষা প্রতিষ্ঠান

বাংলাদেশে করোনা ভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ার প্রেক্ষাপটে আবারো বন্ধ করে দেয়া হয়েছে স্কুল-কলেজসহ সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান। অথচ গত সেপ্টেম্বরেই স্বল্প পরিসরে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো কার্যক্রম শুরু করেছিল প্রায় দেড় বছর বন্ধ রাখার পর। জানুয়ারিতে নতুন শিক্ষাবর্ষের শুরু হতে পুরোদমে স্কুল কলেজ খোলার আশা করলেও শেষ পর্যন্ত বন্ধ হয়ে যাওয়া নিয়ে তৈরি হয়েছে নতুন বিতর্ক। কারণ করোনা ভাইরাসের কারণে বাংলাদেশে আর সব কিছুই খোলা কোন কিছুই বন্ধ নেই। তাহলে শুধুমাত্র শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বন্ধ রাখা কতটা যৌক্তিক, এ বিষয়ে জানাচ্ছেন রাফিক হাসনাত।

আমি গিয়েছিলাম রাজধানী ঢাকার কাছে মুন্সীগঞ্জের সদর উপজেলার পূর্ব সীমান্দি গ্রামে। বেলা প্রায় বারোটা বাজে। এই সময় দেশের সব জায়গার মতো এখানকার স্কুল কলেজগুলোও পরিপূর্ণ থাকার কথা ছিল শিক্ষক শিক্ষার্থীদের পদচারণায়। কিন্তু এখানে আসার পথে এবং এখানেও বেশকিছু স্কুল-কলেজে দেখেছি যে শুনশান নিরবতা। কারণ স্কুল/কলেজগুলো আবার দুই সপ্তাহের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে। এ নিয়ে কি ভাবছেন এখানকার শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবকরা। তা জানতে আমি কথা বলছি সেখানকার কয়েকজনের সাথে।

জৈনৈক শিক্ষার্থীঃ আমি দশম শ্রেণীতে পড়ি, স্কুল খোলা থাকলে আমি ক্লাসে থাকতাম। পড়াশোনা করতাম, টিচারদের সাথে কথা বলতাম, বান্ধবীদের সাথে খেলাধুলা করতাম। কিন্তু এখন স্কুল বন্ধ তাই বাধ্য হয়ে বাসায় আছি।

জৈনৈক অভিভাবকঃ আমার ছেলে ক্লাস টেনে পড়ে। আরেকটা ছেলে পড়ে ক্লাস টুতে। এখন বড় ছেলের সামনে এসএসসি পরীক্ষা। স্কুল খোলা থাকলে টিচারদের রুটিন মতো চলাফেরা করতো। এখন স্বাধীনভাবে চলাফেরা করে। আমি কাজে চলে যাওয়ার পর ও কি করছে সেটাতো আমি খেয়াল রাখতে পারছি না এখন।

বিবিসিঃ অনলাইনে তো ক্লাস করার একটা ব্যবস্থা করা হয়েছে এখন। আপনার ছেলেরা কি সেটি করছে?

জৈনৈক অভিভাবকঃ না, অনলাইনে ক্লাস করতে দেখিনি। আর এডভোয়েট সেট ওদের হাতে দিলে তখন ওরা ক্লাস না করে আড্ডা এবং গেমস নিয়ে বেশি ব্যস্ত হয়ে পড়বে।

বাংলাদেশে প্রায় দেড় বছর বন্ধ থাকার পর সব স্কুল কলেজ গত ১২ই সেপ্টেম্বর থেকে শিক্ষা কার্যক্রম আবার শুরু করার অনুমতি পেয়েছিল। তবে এজন্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে করোনা সংক্রমণ ঠেকাতে বিশেষ কিছু শর্ত দেয়া হয়েছিল। যার মধ্যে ছিল তাপমাত্রা পরীক্ষা করে শিক্ষক শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের ব্যবস্থা করা, প্রবেশের পর স্বাস্থ্যবিধি মানা বিশেষ করে মাস্ক ব্যবহার এবং সামাজিক দূরত্ব বজায় রাখা। এসব মেনে ক্লাস করতে সমস্যা হচ্ছিল না জানিয়ে ওই গ্রামের আরেক জন শিক্ষার্থী দিবা আক্তার বলছেন যে সরাসরি ক্লাস করাটা তার জন্য বেশি স্বস্তির ছিল (স্বকণ্ঠে): আমি ২০২২ সালের এসএসসি পরীক্ষার্থী। স্কুল খোলা থাকলে পড়ার বিষয়ে শিক্ষকদের সাথে খোলামেলা আলোচনা করা যায় কিন্তু সেটা হচ্ছে না আর অনলাইনে ক্লাস করতে ভালো লাগে না।

এই শিক্ষার্থী যে বাড়িতে দাঁড়িয়ে কথা বলছিলেন তার পাশের আরেকটি ঘরে দেখছিলাম একটি শিশু মোবাইল ফোনে ক্লাস করছে বসে থাকা তার মা আনোয়ারা আক্তার বলছিলেন যে স্কুল না থাকায় শিক্ষা যেমন যথাযথ হচ্ছে না তেমনি তাকেও বাসায় সার্বক্ষণিক মেয়ের পাশে এখন বসে থাকতে হচ্ছে।

বাংলাদেশের স্বাস্থ্য বিভাগের হিসেবে চলতি বছর ২৭শে জানুয়ারি পর্যন্ত শূন্য থেকে ২০ বছর বয়সী মোট ২৬৭জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছে। তবে আক্রান্ত বা মৃত্যুর সংখ্যা যাই হোক না কেন করোনা থেকে শিক্ষার্থীদের নিরাপদে রাখতে গত সেপ্টেম্বর পর্যন্ত প্রায় দেড় বছর শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার সময়েও অনেক আগে থেকেই স্কুল-কলেজ খুলে দেয়ার দাবি উঠেছিল নানা মহল থেকে। এবারে আবার স্কুল কলেজ বন্ধের ঘোষণা দিয়ে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক গত ২১শে জানুয়ারি এক সংবাদ সম্মেলনে বলেছেন যে দু সপ্তাহ পর আবার পর্যালোচনা করে দেখা হবে যে শিক্ষা প্রতিষ্ঠান খোলা যাবে কিনা (স্বকণ্ঠে): আমরা ইদানিং লক্ষ করলাম যে স্কুলের সংক্রমণের হার বেড়ে যাচ্ছে। অনেক ছাত্রছাত্রীরা সংক্রমিত হচ্ছে এবং তারা হাসপাতাল এবং ডাক্তারদের কাছে আসছে চিকিৎসার জন্য। এটা আশঙ্কাজনক এ কারণে আমরা মাননীয় প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করে আমরা স্কুল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছি। আগামী দুই সপ্তাহ স্কুল কলেজ ইউনিভার্সিটি বন্ধ থাকবে। উদ্দেশ্য সংক্রমণ কমানো, যাতে আমাদের ছেলেমেয়েরা আক্রান্ত না হয়।

বাংলাদেশে এ পর্যন্ত স্কুল শিক্ষার্থী কতজন আক্রান্ত হয়েছে বা মারা গেছে তার কোন বিস্তারিত তথ্য পাওয়া যায় না। যদিও কর্মকর্তারা বলছেন সাম্প্রতিক সময়ে শিশুদের মধ্যে সংক্রমণের হার বেড়েছে কিন্তু সেটি আগে কত ছিল আর এখন কত কিংবা কোন বয়সী শিশুরা বেশি আক্রান্ত হচ্ছে সে সম্পর্কিত কোন তথ্য করোনা সংক্রান্ত সংশ্লিষ্টরাও জানাতে পারেননি। অন্যদিকে ৩১শে জানুয়ারির মধ্যে ১২ থেকে ১৮ বছর বয়সের শিক্ষার্থীদের অন্তত এক ডোজ টিকা দেয়ার কর্মসূচি এখনো চলমান আছে। ফলে এটা ধারণা করা কঠিন যে শিক্ষার্থীদের আক্রান্তের হার ঠিক কতটা উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে বলে শিক্ষাপ্রতিষ্ঠান আবারও বন্ধ করে দিতে হলো। এখন আবার কবে নাগাদ এসব শিক্ষার্থীরা স্বাভাবিক শিক্ষা কার্যক্রমের সুযোগ পাবে সেটিও কারো জানা নেই।

এর আগে দেড় বছর বন্ধ থাকার সময় অনলাইনসহ বিকল্প শিক্ষাদানের যেসব আয়োজন ছিল সেটাও কতটা কাজে এসেছে তা নিয়েও প্রশ্ন আছে। জাতিসংঘের শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কোর হিসেবে এবারের এই করোনাভাইরাস মহামারির প্রভাবে বাংলাদেশে তিন কোটি ৭০ লাখ শিশুর শিক্ষা ব্যাহত হয়েছে। এবারও স্কুল বন্ধ ঘোষণার পর শিক্ষামন্ত্রণালয় বলছে যে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকলেও অনলাইনে শিক্ষাদান কার্যক্রম চলবে। কিন্তু বাস্তবতা হলো এ ধরনের শিক্ষার পরিবেশটাই

বাংলাদেশের শহর এলাকার বাইরে তেমন একটা নেই। যেমনটি বলছিলেন আরেকজন অভিভাবক (স্বকণ্ঠে): আমার ছেলে ক্লাস সেভেনে পড়ে আমার দামি মোবাইল কেনার সামর্থ্য নেই। মোবাইল কিনে দিতে পারছি না দেখে পোলার পড়ালেখা বন্ধ হয়ে যাচ্ছে। এখন পড়ালেখাও করাতে পারছি না।

বাংলাদেশের করোনা পরিস্থিতির উন্নতি হওয়ায় ৫৪৩ দিন পর গত ১২ই সেপ্টেম্বর শিক্ষার্থীরা আবার শ্রেণিকক্ষে ফেরে। দীর্ঘদিন ধরে আটকে থাকা এসএসসি ও এইচএসসি পরীক্ষাও সম্পন্ন হয়েছে। স্কুলে বার্ষিক পরীক্ষা না নিয়ে অ্যাসাইনমেন্ট ও পাঠ মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের ওপরের শ্রেণীতে তুলে দেয়া হয়েছে। গত নভেম্বরে করোনার নতুন সংক্রমণ অমিত্রকণ সনাক্ত হওয়ার পর এখন নতুন করে উদ্বেগ বাড়ছে। শিক্ষকরা অনেকে বলছেন যে স্কুল দীর্ঘদিন বন্ধ থাকায় যে চরম হতাশা তৈরি হয়েছিল তা সেপ্টেম্বরে খুলে দেয়ার পর কাটিয়ে ওঠার চেষ্টা ছিল সবার মধ্যে। এখন আবার বন্ধ হওয়াতে শিক্ষার্থীদের পাশাপাশি হতাশা দেখা যাচ্ছে অভিভাবকদের মধ্যেও এমনই বলছিলেন এক শিক্ষক। এর আগে স্কুল না খোলার মূল যুক্তি ছিল শিশুরা আক্রান্ত হলে দায় কেউ নিবে না এবং করোনার তৃতীয় দফা সংক্রমণের শঙ্কাও আছে। এখন সংক্রমণ আবার বেড়েছে কিন্তু বাস্তবতা হলো স্কুল কলেজ ছাড়া আর কোন কিছুই বন্ধ নেই। এসব কারণে যে উদ্দেশ্যে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার কথা স্বাস্থ্যমন্ত্রী বলেছেন তা বাস্তবতার নিরিখে কতটা যৌক্তিক তা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে।

শিক্ষা বিষয়ক বিশ্লেষক ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতার বলেছেন ঢালাওভাবে সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ করে দেয়াটা ঠিক হয়নি বলেই মনে করছেন তিনি। তিনি বলছেন অপরিপূর্ণ শিক্ষাদানের জের ধরে প্রথম শ্রেণী থেকে শুরু করে উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠান সবত্রই শিক্ষায় একটি বড় ঘাটতি থেকে যাওয়ার যে আশঙ্কা তৈরি হয়েছে তা কাটিয়ে উঠতে পূর্বোদ্যমে শিক্ষা কার্যক্রম শুরুর কোন বিকল্পই নেই।

তবে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন শিক্ষার্থীদের মধ্যে করোনাভাইরাস ছড়িয়ে পড়ার ঝুঁকি নিতে রাজি নয় সরকার। তা নিয়ে আলোচনা বা সমালোচনা যাই হোক না কেন। (বিবিসিঃ ১৯:৩০ ঘ. ২৪/০১/২২ এলিনা/রিহাব/কোহিনূর)

### কোন শর্তে বাংলাদেশি ব্যবসায়ীদের বিদেশে বিনিয়োগ দেবার সুযোগ রয়েছে

বাংলাদেশে যেসব কোম্পানি তারা চাইলে এখন বিদেশেও তাদের অর্থ বিনিয়োগ করতে পারবে। অর্থ মন্ত্রণালয় বলছে ৭টি শর্তে দেশীয় প্রতিষ্ঠানগুলোকে এই অনুমতি দেয়া হবে। এই বিনিয়োগের জন্য সরকারের কাছ থেকে ব্যবসায়ীদের অনুমতি দেবে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের নেতৃত্বে ১৫ সদস্যের একটি কমিটি। এ বিষয়ে বিস্তারিত জানতে কথা বলেছিলাম সংবাদদাতা রাকিব হাসনাতের সঙ্গে। তার কাছে জানতে চেয়েছিলাম বিদেশে বিনিয়োগের জন্য সরকার যেসব শর্ত দিয়েছে সেগুলি ঠিক কি?

মি. রাকিব : শর্তগুলো যেগুলো তারা বলছেন, তার মধ্যে আছে যেমন তারা এমন দেশে বিনিয়োগ করবে যেখানে বাংলাদেশের নাগরিকদের কাজ করার এবং তাদের সেখানে কাজ করার পরে সে অর্থ উপার্জন তারা করেন সেটি বাংলাদেশে ফেরত আনতে কোনো বিধি-নিষেধ থাকবে না, এমন দেশে সেটি বিনিয়োগ করতে হবে। পাশাপাশি বিনিয়োগ করলে তা থেকে যে লাভ হবে বা মুনাফা হবে সেগুলো ঠিকমতো আনা যাবে। এই অনুমোদন আছে এমন দেশে সেগুলো করতে হবে এবং একই সাথে যেসব দেশের সাথে বাংলাদেশে সরকারের যে চুক্তি আছে অর্থাৎ বিনিয়োগ বিষয়ে যে চুক্তি আছে এমন দেশেই এই বিনিয়োগগুলো করা যাবে।

তবে কোন বিনিয়োগকারীর এই বিনিয়োগের আয় বা লভ্যাংশ যদি দেশে আনতে ব্যর্থ হয় তাহলে কিন্তু সেটি অর্থ পাচার বা মানি লন্ডারিং হিসাবে বিবেচিত হবে বলে বলা হচ্ছে এবং একই প্রজ্ঞাপনে বলা হচ্ছে যে ব্যবসায় বা কিছু দেশে চাইলেই বিনিয়োগ করতে পারবেন না এবং কোন দেশ সেগুলো। সেগুলো হলো জাতিসংঘ ইউরোপীয় ইউনিয়ন যেসব দেশের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দেবে কিংবা ফিন্যান্সিয়াল অ্যাকশন প্রস্তাবনা অর্থাৎ বিশ্বব্যাপী যে ফিন্যান্সিয়াল অনিয়ম প্রতিরোধে যেসমস্ত ব্যবস্থাগুলো আছে সেগুলোর আওতায় যে দেশগুলো পড়বে। আর যেসব দেশের সাথে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক নেই। এই সমস্ত দেশে বিনিয়োগ করা যাবে না।

বিবিসি : এই যে বিদেশে বিনিয়োগের সুযোগ সরকার খুলে দিয়েছে বাংলাদেশীদের জন্য এই সুযোগ কি সব ব্যবসায়ী নিতে পারবেন? মানে কারা আসলে এই বিনিয়োগ করতে পারবেন?

মি. রাকিব: না, এটা আসলে সব ব্যবসায়ীদের জন্য নয়। এটা একেবারে সুনির্দিষ্টভাবে রফতানিকারক অর্থাৎ বাংলাদেশে এখন বড় মাত্রায় রফতানি করছেন এমন রফতানিকারক প্রতিষ্ঠান বা কোম্পানিগুলোর জন্য এবং তাদের বিশেষ করে এই সমস্ত কোম্পানিগুলোকে আবেদনের সময় যাচাই করে দেখা হবে যে তাদের ৫ বছরের আর্থিক বিবরণী পরীক্ষা করে দেখা হবে যে তারা স্বচ্ছল কিনা এবং তাদের রেটিং খুব ভালো থাকতে হবে ব্যবসায়িক অঙ্গনে। তাদের বিনিয়োগ যে প্রস্তাবটি তারা নিয়ে যাবেন সেইটা যেই দেশে তারা বিনিয়োগ করবেন সেখানে সেটি বিনিয়োগ করলে সেটি সত্যিকার অর্থে বিনিয়োগ অর্থাৎ সেটি লাভজনক বিনিয়োগ হবে এই ধরনের সম্ভাব্যতা যাচাইয়ের পরই সেই বিনিয়োগে অনুমতি দেয়া হবে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এবং পাশাপাশি এই বিনিয়োগে বৈদেশিক মুদ্রার আয় অর্জনে একটা সম্ভাবনা থাকতে হবে। অর্থাৎ এই বিনিয়োগটি হলে সেখান থেকে বাংলাদেশ বৈদেশিক মুদ্রা অর্জন

করতে পারবে। এই নিশ্চয়তা থাকতে হবে এবং একইসঙ্গে বাংলাদেশী ব্যক্তির অর্থাৎ যখন কোন ব্যবসায়ী কোন দেশে বিনিয়োগ করবেন সেখানে যেমন বাংলাদেশী পেশাদার ব্যক্তি বা বাংলাদেশী প্লাস বাংলাদেশে আছেন, বাংলাদেশ থেকেও তারা নিয়ে পারবেন। অর্থাৎ বাংলাদেশের কোন ব্যবসায় যদি বিদেশে কোন কোম্পানি করেন সেখানে বাংলাদেশ থেকেও তিনি কর্মী নিতে পারবেন। এই ধরনের কিছু ব্যবস্থা থাকতে হবে এবং সর্বোপরি এই নীতিমালায় যেটি বলা হয়েছে যে আবেদনকারী প্রতিষ্ঠান তার আন্তর্জাতিক পর্যায়ের ব্যবসা পরিচালনা অর্থায়ন এবং বিনিয়োগে একটা অভিজ্ঞ জনবল থাকতে হবে বা দক্ষ একটা জনবল থাকতে হবে।

বিবিসি: এই বিদেশে বিনিয়োগের ক্ষেত্রে সেখানে কি কোন নির্দিষ্ট সীমা বেধে দেয়া আছে কত টাকা বা কি পরিমাণ অর্থ বিদেশে বিনিয়োগ করা যাবে?

মি. রাকিব: ঠিক টাকার অংকে সেটি সুনির্দিষ্টভাবে বলা হয়নি। তবে কিছু ক্রাইটেরিয়া দেয়া হয়েছে যেমন আবেদনকারী যে প্রতিষ্ঠান হবে তার ৫ বছরে যে বার্ষিক গড় রফতানি আয় সেটার অনধিক ২০ শতাংশ অথবা সবশেষ যে বার্ষিক আর্থিক প্রতিবেদন যেটা অডিট করা হয়েছে সেই অডিটের যে নীট সম্পদ তার পাওয়া যাবে তার ২৫ শতাংশ পর্যন্ত তিনি বিনিয়োগ করতে পারবেন। সুতরাং এটি কোম্পানি যে আর্থিক আকার অর্থাৎ ব্যবসা বাণিজ্যের যে আকার রফতানির যে আকার তার উপর এটি নির্ভর করবে। তবে এই দুটি বিষয় বিবেচনা করে যেখানে ফর্ম সংখ্যায় হবে সেইটুকুই সর্বোচ্চ বিনিয়োগ করা যাবে। এইটুকুই বিনিয়োগের সীমা বলতে সরকারের পক্ষ থেকে এই নীতিমালায় উল্লেখ করা হয়েছে। (বিবিসি: ২২৩০ ঘ. ২৮.০১.২০২২ রুবাইয়া ও আশরাফ)

### নারায়নগঞ্জে একটি গার্মেন্টস কারখানায় আগুন লেগেছে

বাংলাদেশের ঢাকার কাছে নারায়নগঞ্জের বন্দর উপজেলায় একটি গার্মেন্টস কারখানায় আগুন লাগার পর ৫ ঘণ্টারও বেশি সময় চেষ্টা চালিয়ে রাত সাড়ে ৯টার দিকে আগুন নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে বলে ফায়ার সার্ভিসের কর্মকর্তারা জানিয়েছেন। তবে হতাহতের কোনো খবর এখনো পাওয়া যায়নি।

(বিবিসি: ২২৩০ ঘ. ২৮.০১.২০২২ রুবাইয়া ও আশরাফ)

## ভয়েস অফ আমেরিকা

### আইন পাসের পরও অবাধ নির্বাচন নিয়ে সংশয়, বিতর্ক

স্বাধীনতার ৫০ বছর পর নির্বাচন কমিশন নিয়োগ আইন পাস হয়েছে বাংলাদেশ সংসদে। কিন্তু এ নিয়ে বিতর্ক থামছে না। অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিয়ে সংশয় প্রকাশ করেছেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, নাগরিক সমাজের প্রতিনিধি ও নির্বাচন বিশেষজ্ঞরা। নির্বাচন কমিশন নিয়োগে বিতর্কের অবসান হবে এমন কোনো ইঙ্গিতও মিলছে না। যদিও সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী এবং ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, "বাংলাদেশের ইতিহাসে গণমানুষের ভোটাধিকার নিশ্চিত করতে নির্বাচন কমিশন গঠন আইন এক অনন্য মাইলফলক হিসেবে বিবেচিত হবে।" শুক্রবার ঢাকায় এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। নির্বাচন কমিশন নিয়োগ আইন নিয়ে বিএনপির সমালোচনাও নাকচ করে দেন ওবায়দুল কাদের।

বাংলাদেশের সংবিধানে নির্বাচন কমিশন নিয়োগে আইনের কথা বলা আছে। আলোচনা-সমালোচনার মধ্যে বৃহস্পতিবার সংসদে এ আইন পাস হয়। বিএনপির পক্ষ থেকে বলা হয়েছে, সরকার অত্যন্ত তড়িঘড়ি করে এ আইন পাস করেছে। এটি প্রহসন মাত্র। যদিও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংসদে জানিয়েছেন, এ আইন নিয়ে আগেই প্রস্তুতি ছিল সরকারের। তিনি বলেন, "সরকার অনেকদিন থেকেই এটি প্রস্তুত করে রেখেছিল। এই বিল পাসের মাধ্যমে জনগণের ভোট সংরক্ষিত হলো। গণতন্ত্র আরও শক্তিশালী হলো।"

জাতীয় সমাজতান্ত্রিক দল- জেএসডি সভাপতি আ স ম রব শুক্রবার এক বিবৃতিতে বলেন, "নির্বাচন কমিশন আইন ক্ষমতায় থেকে ক্ষমতা ধরে রাখার সরকারের নতুন একটা কৌশল মাত্র। আইন প্রণয়ন করলেই ভোটাধিকার সংরক্ষিত থাকে না, গত কয়েক বছরে তা বছবার প্রমাণিত হয়েছে।"

ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন বলেন, "আইনটি নিয়ে অনেক প্রশ্ন উত্থাপিত হয়েছে।" নির্বাচন কমিশন গঠনে একটি সাংবিধানিক কাউন্সিল গঠনের জন্য সংসদে প্রস্তাব দেন তিনি। পারস্পরিক বিশ্বাস ও আস্থা না আসা পর্যন্ত আইন করে কিছু হবে না বলে দাবি করেন জাতীয় পার্টির ফিরোজ রশিদ। তবে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার বিরোধিতা করেন তিনি।

নাগরিক সমাজের অনেক প্রতিনিধিও এ আইনটির সমালোচনা করেছেন। সুপ্রিম কোর্টের আইনজীবী ও সংবিধান বিশেষজ্ঞ ড. শাহদীন মালিক বলেছেন, "কথিত নির্বাচন আইনকে সরকারি দলের পক্ষে নির্বাচনী ফলাফল নিশ্চিতকরণ

আইন বলা যেতে পারে। একক কর্তৃত্বেই এসব কথিত আইন তৈরি হচ্ছে যা মুক্তিযুদ্ধের গণতান্ত্রিক চেতনার সঙ্গে বিশ্বাসঘাতকতার শামিল।”

সুশাসনের জন্য নাগরিক-সুজন সম্পাদক ড. বদিউল আলম মজুমদার বলেন, “অনুসন্ধান কমিটির যোগ্য ব্যক্তিদের অনুসন্ধানের কোনো সুযোগ নেই। নির্বাচন কমিশন আইন নামে যা হচ্ছে তা নিতান্তই আনুষ্ঠানিকতা, সবকিছু হবে প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী।” (ভোয়া: ২২০০ ঘ. ২৮.০১.২০২২ মোতালেব)

### বাংলাদেশের অধস্তন আদালত তদারকিতে ৮ বিচারপতির মনিটরিং কমিটি

দেশের আটটি বিভাগের জন্য হাইকোর্টের আটজন বিচারপতিকে দায়িত্ব দিয়ে অধস্তন আদালত তদারকি কমিটি (মনিটরিং কমিটি ফর সাবঅর্ডিনেট কোর্টস) গঠন করেছেন প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার মো. গোলাম রব্বানী স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রধান বিচারপতি দেশের প্রত্যেক বিভাগের জন্য হাইকোর্ট বিভাগের একজন বিচারপতিকে মনোনয়ন দিয়ে পৃথক আটটি মনিটরিং কমিটি ফর সাবঅর্ডিনেট কোর্টস গঠন করেছেন।

যেখানে ঢাকা বিভাগে বিচারপতি মোস্তফা জামান ইসলাম, খুলনা বিভাগে বিচারপতি মো. জাহাঙ্গীর হোসেন, বরিশাল বিভাগে বিচারপতি জাফর আহমেদ, চট্টগ্রাম বিভাগে বিচারপতি মো. কামরুল হোসেন মোল্লা, সিলেট বিভাগে বিচারপতি এস এম কুদ্দুস জামান, রংপুর বিভাগে বিচারপতি শাহেদ নূরউদ্দিন, ময়মনসিংহ বিভাগে বিচারপতি মো. জাকির হোসেন ও রাজশাহী বিভাগে বিচারপতি মো. আখতারুজ্জামানকে এই মনিটরিংয়ের দায়িত্ব দেয়া হয়েছে।

এছাড়া আট বিভাগের দায়িত্বপ্রাপ্ত আটজন বিচারপতিকে সার্বিক সহায়তা দিতে দায়িত্বপ্রাপ্ত আটজন বিচার বিভাগীয় কর্মকর্তা হলেন-ডেপুটি রেজিস্ট্রার মো. আব্দুছ সালাম (ঢাকা), সহকারী রেজিস্ট্রার সানজিদা সরওয়ার (খুলনা) সহকারী রেজিস্ট্রার মো. সুলতান সোহাগ উদ্দিন (বরিশাল), সহকারী রেজিস্ট্রার মিটফুল ইসলাম (চট্টগ্রাম), সহকারী রেজিস্ট্রার মো. হারুন রেজা (সিলেট), রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব জীবরুল হাসান (রংপুর), সহকারী রেজিস্ট্রার মো. হায়দার আলী (ময়মনসিংহ), সহকারী রেজিস্ট্রার মো. ওমর হায়দার (রাজশাহী)।

এর আগে দায়িত্ব গ্রহণের পর প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী গত ২ জানুয়ারি বলেছিলেন, “দেশের অধস্তন আদালতে মামলা জট নিরসন তথা বিচার প্রক্রিয়ায় স্বচ্ছতা এবং গতিশীলতা আনার লক্ষ্যে আটটি বিভাগে একজন করে হাইকোর্টের বিচারপতিকে প্রধান করে মনিটরিং সেল গঠন করা হবে। প্রতিমাসে আমি তাদের প্রত্যেকের কাছ থেকে প্রতিবেদন গ্রহণ করবো।” (ভোয়া: ২২০০ ঘ. ২৮.০১.২০২২ মোতালেব)

### গত ২৪ ঘণ্টায় করোনায় মৃত্যু ২০জনের, সনাক্ত ৩৩.৩৭ শতাংশ

বাংলাদেশে মহামারি করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ২০জনের মৃত্যু হয়েছে। এই সময় সনাক্ত হয়েছে আরও ১৫ হাজার ৪৪০জন। এ পর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৮ হাজার ৩০৮জনে। এছাড়া মোট সনাক্ত হয়েছে ১৭ লাখ ৬২ হাজার ৭৭১জন। ২৪ ঘণ্টায় সনাক্তের হার ৩৩.৩৭ শতাংশ।

শুক্রবার স্বাস্থ্য অধিদপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ৪৬ হাজার ২৬৮টি নমুনা পরীক্ষা করা হয়। সনাক্ত বিবেচনায় মোট মৃত্যুর হার এক দশমিক ৬১ শতাংশ।

এদিকে ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন আরও এক হাজার ৩২৬জন। এ নিয়ে দেশে মোট সুস্থ ব্যক্তির সংখ্যা দাঁড়িয়েছে ১৫ লাখ ৬২ হাজার ৩৬৯জনে। সনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৮৮ দশমিক ৬৩ শতাংশ।

(ভোয়া: ২২০০ ঘ. ২৮.০১.২০২২ মোতালেব)

## রোডিও তেহরান

### নারায়ণগঞ্জের পোশাক কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ড

বাংলাদেশের হোসিয়ারী নগরী নারায়ণগঞ্জের বন্দর উপজেলার একটি রপ্তানিমুখী পোশাক কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটেছে। আগুন নিয়ন্ত্রণের প্রচেষ্টা চালাচ্ছে ফায়ার সার্ভিসের ১৩টি ইউনিট। শুক্রবার (২৮ জানুয়ারি) বিকেল ৫টার দিকে উপজেলার মদনপুরের জাহিন টেক্সটাইল নামে পোশাক কারখানায় এ অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। সর্বশেষ প্রাপ্ত খবর অনুযায়ী, কারখানার তিনটি দোতলা ভবনের প্রথম এবং দ্বিতীয় তলায় আগুন জ্বলছে।

ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের নারায়ণগঞ্জের উপ-সহকারী পরিচালক আব্দুল্লাহ আল আরেফীন সাংবাদিকদের জানিয়েছে, আগুন দ্রুত ছড়িয়ে পড়েছে। আমরা খবর পেয়ে জেলার বিভিন্ন স্টেশনের ১৩টি ইউনিট আগুন নিয়ন্ত্রণের কাজ করছি। তাৎক্ষণিকভাবে আগুনের সূত্রপাত, হতাহতের সংখ্যা বা ক্ষয়ক্ষতির পরিমাণ সম্পর্কে জানা সম্ভব হয়নি।



এর আগে, রাজধানীর উত্তরখান এলাকায় একটি টিনশেড বাড়িতে অগ্নিকাণ্ড ঘটেছে। শুক্রবার দুপুর ২টার দিকে আগুন লাগার খবর পেয়ে ফায়ার সার্ভিসের তিনটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় এবং বিকেল ৩টার দিকে আগুন নিয়ন্ত্রণে আনে। তবে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি বলে জানিয়েছেন ফায়ার সার্ভিসের ডিউটি অফিসার।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ২০৩০ ঘ. ২৮.০১.২০২২ সোনিয়া ও নারগীস)

### জাতীয় সংসদে নির্বাচন কমিশন আইন- ২০২২ পাস ; বিএনপির প্রত্যাখ্যান

বাংলাদেশের জাতীয় সংসদে নির্বাচন কমিশন আইন ২০২২ পাস হয়েছে। এ বিষয়ে সরকার যে ব্যাখ্যা দিয়েছে সে সম্পর্কে প্রতিক্রিয়া জানিয়েছে দেশটির প্রভাবশালী আরেকটি দল বিএনপি। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

বাংলাদেশের জাতীয় সংসদে গতকাল বৃহস্পতিবার বহুল আলোচিত নির্বাচন কমিশন আইন ২০২২ পাস করা হয়েছে উপস্থিত সদস্যদের কণ্ঠভোটে। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অধিবেশনের সমাপনী ভাষণে বলেছেন, এমন একটি গুরুত্বপূর্ণ আইন প্রণয়ের ব্যাপারে তাদের আগে থেকেই প্রস্তুতি ছিল। এ সময় তিনি বলেন, এ আইনের মাধ্যমে গণতন্ত্র আরো একধাপ এগিয়ে নেয়া এবং জনগণের ভোটের অধিকার ফিরিয়ে দেয়া হয়েছে।

(স্বকণ্ঠে) : "আমরা মোটামুটি অনেকদিন থেকেই প্রস্তুত করে রেখেছিলাম তারপর যখন মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে আমরা ডায়ালগ করতে গেলাম, তখন তিনি বললেন যে, বিলটা তাড়াতাড়ি পাস করে দিলে আমরা, তিনি চান এই বিলের মাধ্যমে পরবর্তী নির্বাচন কমিশন এবং প্রধান কমিশন এবং কমিশনেরা নির্বাচিত হোক। আমরা পার্লামেন্টে নিয়ে আসলাম। কিন্তু প্রস্তুতি তো আমাদের বহু আগে থেকেই ছিল। এটা তো আমাদেরও দাবি ছিল সব সময় যে, আমরাই করবো এটা। কিন্তু অন্য কোনো দল করেনি। এটা আওয়ামী লীগ আবার করলো, করে জনগণের ভোট সুরক্ষিত হলো এবং নির্বাচনে আরেকটা ধাপ আমরা এগিয়ে গেলাম। গণতন্ত্রকে আরো আমরা শক্তিশালী করলাম। জনগণের গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে।"

বাংলাদেশের স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তিতে নির্বাচন সংক্রান্ত এ আইনটি পাস করার জন্য সংসদের স্পিকার এবং সদস্যদের ধন্যবাদ জানান সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ আইনে বিএনপিসহ অপরাপর রাজনৈতিক দলের ২২টি সংশোধনী গ্রহণ করার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী রসিকতা করে এ বিলটিকে 'বিরোধী দলের তৈরি করা বিল, বলেও উল্লেখ করেন। (স্বকণ্ঠে) : "এই বিলে ২২টি সংশোধনী বিরোধীদলের কাছ থেকে গ্রহণ করা হয়েছে। সেদিকে জাতীয় পার্টির সংশোধনী, বিএনপির সংশোধনী, জাসদের সংশোধনী, আমাদের ওয়ার্কাস পার্টির সংশোধনী সকলের সংশোধনী কিন্তু আমরা গ্রহণ করেছি। তাতে এটা সরকারি বিল না এটা বিরোধী দলের তৈরি করা বিল হয়ে গেছে।"

এদিকে, প্রধানমন্ত্রীর বক্তব্যের জের ধরে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সরকারের সড়ক, সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সংবিধানের আলোকে সম্পূর্ণ গণতান্ত্রিক প্রক্রিয়ায় দেশের জনগণের ভোটের অধিকার রক্ষার জন্য স্বাধীন, নিরপেক্ষ ও শক্তিশালী এবং সকলের কাছে গ্রহণযোগ্য নির্বাচন কমিশন গঠনে এই আইন অত্যন্ত কার্যকরী ভূমিকা রাখবে। ওবায়দুল কাদের আজ সকালে তাঁর সরকারি বাসভবনে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে এসব ব্যাখ্যা দেন।

এর আগে গতকাল সংবাদ সম্মেলন করে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম দলের স্থায়ী কমিটির বৈঠকের সিদ্ধান্তের কথা জানিয়ে বলেছেন, এই আইন পাস করার কোনো এখতিয়ার এই সংসদের নেই। কারণ এটি জনগণের দ্বারা নির্বাচিত কোনো সংসদ নয়। নির্বাচন কমিশন গঠনের বিষয়ে দলের অবস্থান তুলে ধরে ফখরুল বলেন, হাসিনা সরকারের অধীনে কোনো নির্বাচনের প্রশ্নই ওঠে না। আমরা স্পষ্ট করে বলতে চাই, আমরা আরেকবার বাকশালে ঢুকতে চাই না। (রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ২৮.০১.২০২২ সোনিয়া ও নারগীস)

### পাঁচ বছরের মধ্যে সর্বনিম্ন তাপমাত্রা রংপুরে ; বিপর্যস্ত উত্তরের জনজীবন

বাংলাদেশে মাঘের কনকনে শীত আর হিমেল হাওয়ায় উত্তরাঞ্চলীয় জনপদের জীবনযাত্রা অনেকাংশেই বিপর্যস্ত হয়ে পড়েছে। আজ সকালে রংপুরে ৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস এবং কুড়িগ্রামে দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৬ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। আবহাওয়া অফিস বলেছে, চলমান শীত আরো দুই/তিনদিন থাকতে পারে। এ সম্পর্কে বিস্তারিত ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির প্রতিবেদনে :

দেশে উত্তরাঞ্চলে বয়ে যাচ্ছে মাঝারি শৈত্যপ্রবাহ। তাপমাত্রা আরো নেমে যাওয়ার শঙ্কা আছে। শৈত্যপ্রবাহ আরো দুই/তিনদিন থাকতে পারে। সব মিলিয়ে অনেকটা বিপর্যস্ত হয়ে পড়েছে উত্তরাঞ্চলের মানুষ। আজ সকালে রংপুরে ৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস এবং কুড়িগ্রামে দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৬ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। আবহাওয়া অফিস বলেছে, উত্তরাঞ্চলের গত পাঁচ বছরের মধ্যে এটিই সর্বনিম্ন তাপমাত্রা।

অন্যান্য বছর ডিসেম্বরের শুরু থেকে এ অঞ্চলে শীতের তীব্রতা বাড়লেও এ বছর শীত নেমেছে ডিসেম্বরের শেষ সপ্তাহ থেকে। নতুন বছরের প্রথম সপ্তাহ থেকে মৃদু শৈত্যপ্রবাহ শুরু হয়ে এখন তা অনেকটা মাঝারি অবস্থায় রয়েছে। বিশেষকরে গত দুদিন ধরে হিমেল হাওয়া ও ঘন কুয়াশা এ অঞ্চলের মানুষকে কাহিল করে দিয়েছে। ছিন্নমূল মানুষরা খড়কুটো জ্বালিয়ে শীত নিবারণের চেষ্টা করছেন। গত তিনদিন ধরে সকাল থেকে দুপুর পর্যন্ত এবং বিকেল ৪টার পর থেকে রাতভর ঘন কুয়াশা ঝরছে এ অঞ্চলে। রাত যতই গভীর হয়, কুয়াশার মাত্রাও ততোই বাড়তে থাকে। বৃষ্টির মতো কুয়াশা ঝরতে থাকায় রাস্তায় যানবাহন চলাচলে বিঘ্ন ঘটছে মারাত্মকভাবে। বাড়ছে সড়ক দুর্ঘটনা, ঘটছে প্রাণহানিও। এদিকে, সারাদেশের আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, বিভিন্ন জেলার উপর দিয়ে বয়ে যাওয়া মৃদু ও মাঝারি ধরনের শৈত্যপ্রবাহ অব্যাহত এবং বিস্তার লাভ করতে পারে। রাতের তাপমাত্রা কমতে থাকবে এবং নদ-নদীর অববাহিকায় মাঝারি থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র হালকা থেকে মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে। এছাড়া, আকাশ আংশিক মেঘলাসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ২৮.০১.২০২২ সোনিয়া ও নারগীস)

### এনএইচকে

#### আগামী মাসে রাশিয়া ইউক্রেন আক্রমণ করতে পারে : মার্কিন প্রেসিডেন্ট

মার্কিন সরকারের একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেছেন, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির য়েলেনস্কির সাথে এক টেলিফোন আলাপে সতর্ক করেন যে, রাশিয়া আগামী মাসে ইউক্রেন আক্রমণ করতে পারে। এই দুই নেতা ইউক্রেন এবং রাশিয়ার সীমান্তের কাছের পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। এক টুইটার পোস্টে হোয়াইট হাউজের জাতীয় নিরাপত্তা পরিষদের মুখপাত্র এমিলি হর্ন বলেন, বাইডেন য়েলেনস্কিকে জানিয়েছেন যে, ফেব্রুয়ারি মাসে রাশিয়া ইউক্রেন আক্রমণ করতে পারে তার একটি সুস্পষ্ট সম্ভাবনা রয়েছে। তবে, তিনি নির্দিষ্ট কোনো কারণের কথা পোস্টে উল্লেখ করেননি।

হোয়াইট হাউজ এক বিবৃতিতে জানায়, রাশিয়া যদি আবার ইউক্রেন আক্রমণ করে, তাহলে চূড়ান্তভাবে সাড়া দেয়ার জন্য যুক্তরাষ্ট্র তাদের মিত্র এবং অংশীদারদের নিয়ে যে প্রস্তুত রয়েছে তা প্রেসিডেন্ট বাইডেন পুনঃনিশ্চিত করেন।

য়লেনস্কি টুইট করেন যে, তিনি এবং বাইডেন উভয়েই হ্রাসে সাম্প্রতিক কূটনৈতিক প্রচেষ্টা নিয়ে আলোচনা করেন এবং ভবিষ্যতের জন্য যৌথভাবে কর্মকাণ্ড পরিচালনার ব্যাপারে মতৈক্যে পৌঁছান।

(এনএইচকে ওয়েব পেজ : ১৭০০ ঘ. ২৮.০১.২০২২ সোনিয়া ও নারগীস)

### ডয়চে ভেলে

#### ২০ বছর ধরে পলাতক ফাঁসির আসামি গ্রেফতার

চট্টগ্রামের জানেআলম হত্যা মামলায় ফাঁসির আসামি সৈয়দ আহম্মেদ ভূয়া আইডি বানিয়ে দুই দশক ধরে অন্য পরিচয়ে পালিয়ে বেড়াচ্ছিলেন। কিন্তু শেষ রক্ষা হয়নি। অবশেষে তাকে গ্রেফতার করেছে র্যাব। জানেআলম হত্যা মামলায় ২০০৭ সালে সৈয়দ আহম্মেদসহ ১২জনকে মৃত্যুদণ্ড এবং ৮জনকে যাবজ্জীবন কারাদণ্ড দেন আদালত। পরে হাইকোর্টে সৈয়দ আহম্মেদসহ ১০জনের ফাঁসির রায় বহাল থাকে।

ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম জানায়, বৃহস্পতিবার চট্টগ্রামের আকবর শাহ এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয় বলে র্যাব-৭ অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এমএ ইউসুফ জানিয়েছেন। শুক্রবার এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, জমির বিরোধে ২০০১ সালের নভেম্বর থেকে ২০০২ সালের মার্চের মধ্যে লোহাগাড়া উপজেলায় মাহমুদুল হক এবং তার বড় ভাই ব্যবসায়ী জানেআলমকে খুন করা হয়। দুই মামলার এজাহারেই আসামির তালিকায় সৈয়দ আহম্মেদের নাম ছিল।

র্যাব কর্মকর্তা ইউসুফ বলেন, জানেআলমকে হত্যার পর সৈয়দ আহম্মেদ বিভিন্ন স্থানে পালিয়ে ছিলেন। পরিবারের সাথে যোগাযোগ বিচ্ছিন্ন করে কিছুদিন উপকূলীয় এলাকায় এবং পরে সীতাকুণ্ডে অবস্থান করেন। পরিচয় গোপন রাখতে দুটি ভূয়া জাতীয় পরিচয়পত্রও তৈরি করিয়ে নেন তিনি। এক সময় সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরে ছিন্নমূল নেতা মশিউরের ছত্রছায়ায় বসবাস শুরু করেন ৬০ বছর বয়সী সৈয়দ আহম্মেদ। সেখান থেকে বিভিন্ন মাজারে বাবুর্চির কাজ করতেন। পরে আকবর শাহ এলাকায় একটি ভবনে দারোয়ানের কাজ নেন।

আকবর শাহ এলাকায় সৈয়দ আহম্মেদের অবস্থান নিশ্চিত হয়ে বুধবার সেখানে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে র্যাব। তিনি বলেন, মাহমুদুল হককে খুনের পর বাঁশখালী উপজেলায় আত্মগোপন করে ছিলেন সৈয়দ আহম্মেদ। সেখান থেকে জলদস্যুদের সাথে সমুদ্রে চলে যান। চার মাস পর লোহাগাড়ায় ফিরে এসে মাহমুদুলের বড় ভাই জানেআলমকে হত্যায় অংশ নেন তিনি। ছোট ভাইয়ের হত্যা মামলার অন্যতম সাক্ষী ছিলেন ব্যবসায়ী জানেআলম। তিনিই মামলা

পরিচালনা করছিলেন। আসামিদের ধারণা ছিল, জানেআলমকে খুন করতে পারলে মামলা আর এগোবে না এবং তার সম্পত্তিও ভোগ করতে পারবে। সে কারণে তাকেও তারা হত্যা করে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮০০ঘ.২৮.০১.২০২২সোনিয়া ও নারগীস)

### রেডিও এবিসি

#### পুলিশ ক্রিয়ারেস সনদ পেতে এখন আর কাউকে থানায় যেতে হচ্ছে না

পুলিশ ক্রিয়ারেস সনদ পেতে এখন কাউকে পুলিশের কোনো কার্যালয়ে বা থানা যেতে হচ্ছে না। অনলাইনে আবেদন করে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ঘরে বসেই এই সেবা পাচ্ছেন নাগরিকরা।

(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের চক্রটি গত ১০ বছরে ১৮টি নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করেছে

নিয়োগ পরীক্ষায় ডিভাইসের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় গ্রেফতার চক্রটি দীর্ঘদিন ধরে এই জালিয়াতি করে আসছে। গত ১০ বছরে অন্তত ১৮টি নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস করেছে তারা। এভাবে বিপুল টাকার মালিক হয়েছেন চক্রের সদস্যরা। এই চক্রের মাধ্যমে নিয়োগ পরীক্ষা দিয়ে ব্যাংক, রেলওয়ে ও কৃষি সম্প্রসারণ অধিদফতরসহ বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়ার তথ্য পেয়েছে পুলিশ। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### চাঁবিপ্রবির ভূমি অধিগ্রহণ নিয়ে দুর্নীতির অভিযোগের তদন্ত চান শিক্ষামন্ত্রী

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জমি অধিগ্রহণ নিয়ে দুর্নীতির যে অভিযোগ উঠেছে, তাতে নিজ পরিবারের কেউ জড়িত নন জানিয়ে শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছেন, তার পরিবারকে জড়িয়ে যে কথা বলা হচ্ছে, তা অসত্য ও ভিত্তিহীন। তিনি চান, যে অভিযোগ উঠেছে তা শিক্ষা মন্ত্রণালয়ের বাইরের কারো মাধ্যমে তদন্ত করা হোক।

(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### আমার বিরুদ্ধে প্রতিহিংসা চরিতার্থ করছেন সিইসি : নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার

নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার বলেছেন, নির্বাচন নিয়ে ভিন্ন অবস্থানের কারণে সিইসি কেএম নূরুল হুদা প্রতিহিংসার মতো নিকৃষ্ট পথ বেছে নিয়েছেন। শুক্রবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ কথা বলেন তিনি। বৃহস্পতিবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে মাহবুব তালুকদারকে একজন রোগাক্রান্ত ব্যক্তি বলে উল্লেখ করেন কেএম নূরুল হুদা। সিইসি,র সেই বক্তব্যের জের ধরে বিবৃতিতে মাহবুব তালুকদার বলেন, চিকিৎসার কারণেই এখন পর্যন্ত বেঁচে আছেন তিনি। নির্বাচন বিষয়ে তার ভিন্নধর্মী অবস্থানের কারণে সিইসি প্রতিহিংসা চরিতার্থ করার জন্য চিকিৎসার বিষয় উল্লেখ করে তার বিরুদ্ধে এমন নিকৃষ্ট পথ বেছে নিয়েছেন।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### বিএনপি পয়সা খরচ করে দেশের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে : তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্যমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন, রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে শংকিত বলেই বিএনপি ষড়যন্ত্র ও অপপ্রচারের মেতে রয়েছে। তারা রীতিমতো পয়সা খরচ করে দেশের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। শুক্রবার সকালে সিলেট সার্কিট হাউজে সিলেট জেলা ও মহানগর আওয়ামী লীগ নেতাদের সাথে মতবিনিময়কালে এ কথা বলেন।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### রাজধানীর বিভিন্ন এলাকা থেকে ব্যাংক জালিয়াতি চক্রের ১০জনকে গ্রেফতার করেছে পুলিশ

রাজধানীর বিভিন্ন এলাকা থেকে ব্যাংকের টাকা জালিয়াতি চক্রের ১০জনকে গ্রেফতার করেছে ভাটারা থানা পুলিশ। গতকাল বৃহস্পতিবার ওয়ালটন গ্রুপের পক্ষ থেকে ভাটারা থানায় একটি অভিযোগ করা হয়। এর প্রেক্ষিতে তাদের গ্রেফতার করা হয়। পুলিশ জানায়, চক্রটি মূলত বাংলাদেশের বড় বড় ব্যবসায়ী প্রতিষ্ঠানের মালিক বা গ্রুপের ব্যাংক হিসাব টার্গেট করে। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### নির্বাচন কমিশন আইন পাস এক অনন্য মাইলফলক : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, নির্বাচন কমিশন আইন প্রণয়নের মধ্যদিয়ে বাংলাদেশ গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক রূপ দিতে আরো একধাপ এগিয়ে যাবে। শুক্রবার তাঁর বাসভবনের সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে একথা বলেন তিনি। (রে. এবিসি : ১৮০০ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### মৃত্যু অথবা মুক্তির শিরোণামে শাবির, উপাচার্যের বাসভবনের সামনে শিক্ষার্থীদের প্রতিবাদী আলপনা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ দাবিতে টানা ১৬৩ ঘণ্টা অনশন করেছিলেন যে শিক্ষার্থীরা, তাদের উৎসর্গ করে উপাচার্যের বাসভবনের সামনে আলপনা এঁকেছেন অন্য সহপাঠীরা। মৃত্যু অথবা মুক্তি শিরোণামে আঁকা এই প্রতিবাদী আলপনার কাজ শুরু হয় বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে, যা শেষ হয় মধ্যরাতে।

এদিকে শিক্ষার্থীরা আমরণ অনশন থেকে সরে এলেও উপাচার্য ফরিদউদ্দিন আহম্মেদের পদত্যাগের একদফা দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। আজ শুক্রবার আন্দোলনের ১৬তম দিন।  
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### রেডিও টুডে

#### বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির নির্বাচনে সভাপতি ইলিয়াস ও সা. সম্পাদক পদে জায়েদ নির্বাচিত

বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির নির্বাচনে সভাপতি পদে অভিনেতা ইলিয়াস কাঞ্চন এবং সাধারণ সম্পাদক পদে জায়েদ খান নির্বাচিত হয়েছেন। আগামী দুই বছরের জন্য দায়িত্ব পালন করবেন তারা। সভাপতি পদে ইলিয়াস কাঞ্চন পেয়েছেন ১৯১ ভোট এবং জায়েদ খান ভোট পেয়েছেন ১৭৬ ভোট। অন্যদিকে ইলিয়াস কাঞ্চনের নিকটতম প্রতিদ্বন্দ্বী মিশা সওদাগর পেয়েছেন ১৪৮ ভোট। আর জায়েদ খানের নিকটতম প্রতিদ্বন্দ্বী নিপুণ আক্তার পেয়েছেন ১৬৩ ভোট। আজ সকাল পৌনে ৬টার দিকে আনুষ্ঠানিকভাবে এই ফলাফল ঘোষণা করা হয়।

(রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ২৯.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### বিশ্বব্যাপী চলমান করোনা মহামারিতে আক্রান্তের সংখ্যা কিছুটা কমেছে

চলমান করোনা মহামারিতে বিশ্বজুড়ে আক্রান্তের সংখ্যা কিছুটা কমেছে। তবে বেড়েছে প্রাণহানি। গেল ২৪ ঘণ্টায় বিশ্বের বিভিন্ন দেশে করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন ১০ হাজার ৩০০-এর অধিক মানুষ। আর নতুন করে সংক্রমিত হয়েছে ৩৪ লাখ। এতে বিশ্বজুড়ে করোনাভাইরাসে মৃত্যুর সংখ্যা ৫৬ লাখ ৬৮ হাজার ছাড়িয়ে গেছে। আর আক্রান্ত সনাক্ত হয়েছে ৩৭ কোটি ৩ লাখ মানুষ। যাদের মধ্যে সুস্থ হয়ে উঠেছেন প্রায় ২৯ কোটি ২৩ লাখ মানুষ। সকালে করোনা বিষয়ক আন্তর্জাতিক জরিপ সংস্থা ওয়ার্ল্ডো মিটার থেকে এসব তথ্য পাওয়া গেছে।

(রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ২৯.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### নারায়ণগঞ্জের মদনপুরে জাহিন নিটওয়্যারসে লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে

নারায়ণগঞ্জের বন্দর উপজেলার মদনপুর এলাকায় অবস্থিত জাহিন নিটওয়্যারস নামের একটি রপ্তানিমুখী পোশাক কারখানায় লাগা আগুন অবশেষে নিয়ন্ত্রণে এসেছে। ফায়ার সার্ভিসের ১৬টি ইউনিটের চেষ্টায় সাড়ে ৪ ঘণ্টা পর আগুন নিয়ন্ত্রণে এসেছে। তবে এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। শুক্রবার বন্ধের দিন থাকায় প্রতিষ্ঠানটির মূল অংশ ছুটিতে ছিল। তাই কারখানায় খুব অল্প সংখ্যক শ্রমিক ছিল। তবে প্রতিটি ইউনিটে কিছু সংখ্যক শ্রমিক তৈরি পোশাক প্যাকেট করে শিপমেন্টের জন্য ৬নং ইউনিটে সরানোর কাজ করছিল। বিকেল ৫টার দিকে উপজেলার মদনপুরের জাহিন নামক ওই পোশাক কারখানায় এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে হতাহত এবং আগুনের সূত্রপাত বা ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। (রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### অভিনয় শিল্পী সংঘের নির্বাচনে সভাপতি পদে নাসিম ও সাধারণ সম্পাদক পদে রওনক নির্বাচিত

টেলিভিশন অভিনয় শিল্পীদের সংগঠন অভিনয় শিল্পী সংঘের নির্বাচনে সভাপতি পদে নির্বাচিত হয়েছেন আহসান হাবিব নাসিম এবং সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন রওনক হাসান। আর সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন আনিসুর রহমান মিলন, সেলিম মাহবুব এবং ইকবাল বাবু। রাত ১০টার দিকে নির্বাচন কমিশন থেকে ফলাফল প্রকাশ করা হয়। বাংলাদেশ শিল্পকলা অ্যাকাডেমিতে আজ এই নির্বাচন অনুষ্ঠিত হয়।

(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### ভাসানচরে অবস্থানরত রোহিঙ্গাদের জন্য দুই মিলিয়ন ডলার সাহায্য প্রদান করবে জাপান সরকার

জাপান সরকার ভাসানচরে অবস্থানরত মিয়ানমার থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সহায়তার জন্য দুই মিলিয়ন ডলারের জরুরি সহায়তা দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই অনুদানের মধ্যে জাতিসংঘের শরণার্থী হাইকমিশনার এক মিলিয়ন ডলার এবং বিশ্ব খাদ্য কর্মসূচিকে এক মিলিয়ন ডলার প্রদান করবে। শুক্রবার জাপান দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে। এই অর্থ বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য মানবিক সহায়তা কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যবহার করা হবে, যাতে খাদ্য এবং স্বাস্থ্যের মতো ক্ষেত্রে ভাসানচরে জরুরি সহায়তার প্রয়োজন রয়েছে।

(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

#### করোনার নতুন একটি মারাত্মক ধরন আবিষ্কৃত করেছেন চীনের বিজ্ঞানীরা

পাওয়া গেল কোভিডের মারাত্মক নতুন ধরন নিউ কোভের সন্ধান। চীনের বিজ্ঞানীরা সম্প্রতি সার্চ কোভ টু বা মূল করোনাভাইরাসের একটি রূপান্তরিত ধরনের সন্ধান পেয়েছেন। নতুন এই ভাইরাসটির বৈজ্ঞানিক নাম পিডিএফ-২১৮০ কোভ। তবে সাধারণভাবে এটির নাম দেয়া হয়েছে নিউ কোভ। বিজ্ঞানীরা বলছেন, মূল করোনাভাইরাস এবং সেটির যতগুলো রূপান্তরিত ধরন এখন পর্যন্ত সনাক্ত হয়েছে সেসবের মধ্যে নিউ কোভ সবচেয়ে সংক্রামক এবং প্রাণঘাতী।

তবে এখন পর্যন্ত এই ভাইরাসটির উপস্থিতি পাওয়া গেছে দক্ষিণ আফ্রিকার কিছু বাঁদুরের মধ্যে। কোনো মানুষ এটির দ্বারা আক্রান্ত হয়েছেন এমন তথ্য এখন পর্যন্ত নিশ্চিত হওয়া যায়নি।

(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### দেশের কমিউনিটি ক্লিনিকগুলোতে আরো বিনিয়োগ করা প্রয়োজন : পরিকল্পনামন্ত্রী

সারাদেশে গ্রাম অঞ্চলের মানুষদের স্বাস্থ্য সেবার মান উন্নয়নে কমিউনিটি ক্লিনিকগুলোতে আরো বিনিয়োগ করা প্রয়োজন বলে মনে করেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান। সকালে রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে তিন দিনব্যাপী অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ বিষয়ক সম্মেলনের শেষ দিনে অংশ নিয়ে তিনি এ কথা বলেন। তিনি বলেন, অসুস্থ হলেই মানুষকে এখন আর শহরে দৌঁড়াতে হয় না। পাশের ক্লিনিকে গিয়েই জরুরি সেবাসহ নানা রকমের ঔষধ পাওয়া যায়।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### গত একদিনে চট্টগ্রামে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ৪জনের মৃত্যু

চট্টগ্রামে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ৪জনের মৃত্যু হয়েছে। একই সঙ্গে ১ হাজার ১৬৭জনের শরীরে করোনা সনাক্ত হয়েছে। পরীক্ষা বিবেচনার সনাক্তের হার ৩১.৯৭ শতাংশ। এ নিয়ে এখন পর্যন্ত চট্টগ্রামে ১ লাখ ১৭ হাজার ২০০জনের শরীরে করোনা সনাক্ত হয়েছে। মৃত্যু হয়েছে ১ হাজার ৩৫৪জনের।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### দেশের কয়েকটি স্থানে মৃদু ও মাঝারি শৈত্যপ্রবাহ বয়ে চলেছে

আবারো শৈত্যপ্রবাহের কবলে পড়েছে উত্তরাঞ্চলের জেলা দিনাজপুর। একদিনের ব্যবধানে সেখানে তাপমাত্রা কমেছে ২.৫ ডিগ্রি সেলসিয়াস। একইসঙ্গে বেড়েছে বাতাসের আদ্রতা ও গতিবেগ। ফলে বেশ শীত অনুভূত হচ্ছে ওই অঞ্চলে। আবহাওয়া অধিদফতরের কর্মকর্তারা জানিয়েছেন, দেশের বিভিন্ন স্থানে মৃদু ও মাঝারি শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে। এই শৈত্যপ্রবাহ কয়েকদিন স্থায়ী হতে পারে। আবহাওয়া অফিসের তথ্য মতে আজ সকাল ৬টায় দিনাজপুরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৮.৫ ডিগ্রি সেলসিয়াস। বাতাসের আদ্রতা ৯৩ শতাংশ।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### টাঙ্গাইলের ধনবাড়ীতে সড়ক দুর্ঘটনায় দু'জন নিহত

টাঙ্গাইলের ধনবাড়ীতে ট্রাক-পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে দু'জন নিহত হয়েছেন। সকালে ধনবাড়ীর কয়াপাড়া নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে। ধনবাড়ী ফায়ার সার্ভিস স্টেশন কর্মকর্তা তারিকুল ইসলাম জানান, সকাল সোয়া ৭টার দিকে জামালপুর থেকে ছেড়ে আসা ইট বোঝাই ট্রাক ঢাকার দিকে যাচ্ছিল। ধনবাড়ীর কয়াপাড়া নামক স্থানে পৌঁছালে ধনবাড়ীগামী একটি পিকআপ ভ্যানের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। ধনবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা চান মিয়া জানান, খবর পেয়ে পুলিশ ও ফায়ার-সার্ভিস ঘটনাস্থলে গিয়ে আহত পিকআপ ভ্যানের চালক ও হেল্পারকে উদ্ধার করে ধনবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় চালক ও হেলপারের মৃত্যু হয়। এ সময় ট্রাকের চালক ও হেলপারকে পাওয়া যায়নি। তারা পালিয়ে গেলেও ট্রাকটি জব্দ করা হয়েছে।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### পাকিস্তানের বেলুচিস্তানে সন্ত্রাসী হামলায় ১০জন পাকিস্তানি নিহত

বেলুচিস্তানে আবারো সন্ত্রাসী হামলার ঘটনায় ১০ পাকিস্তানি সেনা সদস্য নিহত হয়েছেন। পাকিস্তানি সেনাবাহিনীর বিবৃতি দিয়ে গণমাধ্যম ডন জানিয়েছে, গত বুধবার দক্ষিণ-পশ্চিম বেলুচিস্তানের কেজ জেলায় একটি সড়কে পাকসেনার চেকপোস্টে হামলা চালায় বেলুচ সন্ত্রাসীরা। গোলাগুলি এবং বিস্ফোরণে দশ পাকসেনার মৃত্যু হয়। পাকিস্তান সেনাবাহিনীর দাবি, পুরো এলাকাজুড়ে অভিযান চালিয়ে তিনজন বেলুচ সন্ত্রাসীকে আটক করা হয়েছে। তবে এখনো পর্যন্ত কোনো বেলুচ সন্ত্রাসী গোষ্ঠী এই হামলার দায় স্বীকার করেনি।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### করোনা চিকিৎসায় ফাইজারের খাবার বড়ির অনুমোদন দিয়েছে ইইউ

মার্কিন ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান ফাইজারের কোভিড পিল প্যাক্সলোভিডের অনুমোদন দিয়েছে ইউরোপীয় ইউনিয়নের ঔষধ নিয়ন্ত্রক সংস্থা ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি ইএমএ। এর মধ্যে ইউরোপীয় দেশগুলোতে কোভিড-১৯ চিকিৎসায় প্রথমবারের মতো সংযোজন হতে যাচ্ছে মুখে খাওয়ার ঔষধ। বার্তা সংস্থা রয়টার্সের এক খবরে বলা হয়েছে, বৃহস্পতিবার ইএমএ-এর পক্ষ থেকে ঔষধটির অনুমোদন দেয়া হয়।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### দেশে করোনায় সনাক্তের হার ৩৩.৩৭ শতাংশ

দেশে করোনাভাইরাসে ২৪ ঘণ্টায় ২০জনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে করোনা সনাক্ত হয়েছে ১৫ হাজার ৪৪০জনের। এ নিয়ে এ পর্যন্ত মোট সনাক্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৭ লাখ ৬২ হাজার ৭৭১জনে। দৈনিক সনাক্তের হার বেড়ে হয়েছে ৩৩.৩৭ শতাংশ। আর করোনায় মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৮ হাজার ৩০৮জনে। বিকেলে স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো নিয়মিত করোনা বিষয়ক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। যাতে বলা হয়েছে, ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ১ হাজার ৩২৬জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ১৫ লাখ ৬২ হাজার ৩৬৯জন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### বিএনপি বিদেশিদের কাছে দেশের বদনাম করছে : ওবায়দুল কাদের

জাতীয় সংসদে সদ্য পাশ হওয়া নির্বাচন কমিশন আইনকে বাংলাদেশের ইতিহাসের এক অনন্য মাইলফলক বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, বিএনপি মহাসচিব নির্বাচন কমিশনার নিয়োগের এই আইন না মানার বিষয়ে দূরভিসন্ধিমূলক বক্তব্য দিয়েছেন। সকালে রাজধানীর নিজ বাসভবনে এক ব্রিফিংয়ে এসব কথা বলেন সেতুমন্ত্রী। এসময় ওবায়দুল কাদের অভিযোগ করেন, বিএনপি বিদেশিদের কাছে দেশের বদনাম করছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### দেশের বিরুদ্ধে যারা বিদেশে লবিং করে তারা দেশদ্রোহী : তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন, দেশের বিরুদ্ধে যারা বিদেশে লবিং করে তারা দেশদ্রোহী। সকালে সিলেট সার্কিট হাউজে জেলা ও মহানগর আওয়ামী লীগ নেতাদের সাথে মতবিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। এ সময় নির্বাচন কমিশন গঠনে রাষ্ট্রপতির ডাকা সংলাপে বিএনপির অংশগ্রহণ না করারও সমালোচনা করেন আওয়ামী লীগের এই যুগ্ম সাধারণ সম্পাদক। তিনি বলেন, বিএনপি সব ক্ষেত্রেই 'না', রোগে আক্রান্ত হয়ে গেছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### বিধি অনুযায়ী নির্বাচন কমিশন থেকে আমার চিকিৎসার ব্যয় নির্বাহ করা হয়েছে : মাহবুব তালুকদার

নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার বলেছেন, নির্বাচনে ভিন্নধর্মী অবস্থানের কারণে প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদা প্রতিহিংসা থেকে চিকিৎসার বিষয় উল্লেখ করে তাঁর বিরুদ্ধে নিকৃষ্ট পথ বেছে নিয়েছেন। আজ এক বিবৃতিতে তিনি বলেন, নির্বাচন কমিশনারদের চিকিৎসা বিধি অনুযায়ী তাঁর চিকিৎসা ব্যয় নির্বাহ করা হয়েছে। সিইসি নিজেও ইসি থেকে চিকিৎসার জন্য টাকা নিয়েছেন বলে দাবি করেন মাহবুব তালুকদার।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে কুড়িগ্রামের রাজারহাটে ৬.১ ডিগ্রি সেলসিয়াস

মৃদু ও মাঝারি শৈত্যপ্রবাহের কবলে পড়েছে পুরো দেশ। এই শৈত্যপ্রবাহ কয়েকদিন স্থায়ী হতে পারে। ঢাকার আবহাওয়া অফিস তার পূর্বাভাসে জানিয়েছে, সারাদেশে রাতের তাপমাত্রা আরো কমতে পারে। আগামী দু'দিন ধারাবাহিকভাবে শীত বাড়তে পারে জানিয়ে পূর্বাভাসে বলা হয়েছে, সেই সঙ্গে শৈত্যপ্রবাহের এলাকাও বিস্তৃত হতে পারে। আজ দেশের সর্বনিম্ন ৬.১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে কুড়িগ্রামের রাজারহাটে। দিনাজপুরেও একদিনের ব্যবধানে তাপমাত্রা কমেছে ২.৫ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া অফিসের তথ্যমতে আজ সকাল ৬টায় দিনাজপুরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৮.৫ ডিগ্রি সেলসিয়াস, বাতাসের আর্দ্রতা ৯৩ শতাংশ।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### নারায়ণগঞ্জের একটি পোশাক কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ড

নারায়ণগঞ্জের বন্দরে একটি পোশাক কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ঘটনাস্থলে কাজ করছে ফায়ার সার্ভিসের ১০টি ইউনিট। বিকেল ৫টার দিকে উপজেলার মদনপুরের জাহিন টেক্সটাইল নামের পোশাক কারখানায় এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপ-সহকারী পরিচালক আব্দুল্লাহ আল আরেফিন জানান, আগুন দ্রুত ছড়িয়ে পড়েছে। তাৎক্ষণিকভাবে হতাহত ও আগুনের সূত্রপাত বা ক্ষয়ক্ষতির পরিমাণ জানানো যাচ্ছে না। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

### চট্টগ্রামে ২০ বছর ধরে ছদ্মবেশের পর ফাঁসির আসামি গ্রেফতার

২০ বছর ধরে ছদ্মবেশে আত্মগোপনে থাকা এক ফাঁসির আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার রাতে চট্টগ্রাম নগরীর আকবর শাহ্ এলাকা থেকে সৈয়দ আহমেদ নামের ওই আসামিকে গ্রেফতার করা হয়। লোহাগাড়ার আলোচিত ব্যবসায়ী জানে আলম হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি তিনি। এ প্রসঙ্গে চট্টগ্রামে চাঁদগাঁও কার্যালয়ে আজ সকালে এক সংবাদ সম্মেলনে র‍্যাভ জানায়, ২০০১ সালে চট্টগ্রামের লোহাগাড়ায় মাহমুদুল হক নামের

এক ব্যক্তিকে হত্যা করেন সৈয়দ আহমেদ এবং তার তিন ভাই। এই ঘটনায় মামলা পরিচালনা করার কারণে পরের বছর মাহমুদুলের ভাই জানে আলমকে হত্যা করেন সৈয়দ আহমেদ ও তার সহযোগীরা। এ ঘটনায় ২০০২ সালে সৈয়দ আহমেদসহ ১২জনকে ফাঁসির দণ্ড দেন আদালত। পরে উচ্চ আদালত দু'জনকে যাবজ্জীবন ও ১০জনের ফাঁসির আদেশ বহাল রাখেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২২ আসাদ ও নারগীস)

## BBC

### **BIDEN WARNS RUSSIA MAY INVADE UKRAINE NEXT MONTH**

US President Joe Biden has warned there is a distinct possibility Russia might invade Ukraine next month, the White House says. Russia meanwhile says it sees little ground for optimism in resolving the crisis after the US rejected Russia's main demands. The build-up of tens of thousands of Russian troops on Ukraine's border in recent weeks has stoked fears of an invasion. Russia denies it is planning an attack. The US president made the comments in a telephone conversation with Ukrainian President Volodymyr Zelensky on Thursday. (BBC : 2200+2300 hrs. 28.01.2022 Faruk & Nargis)

### **THE WOMEN IN THE RUNNING FOR THE US SUPREME COURT**

US President Joe Biden has affirmed that he will appoint a black woman to the top US court for the first time in history. The eventual nominee will take up a seat to be vacated by liberal Justice Stephen Breyer, who will retire in June. Appearing with Mr Breyer on Thursday, Mr Biden promised a replacement with the experience and integrity needed for the role. He said he'll announce his pick by the end of February. Three judges are considered top contenders. (BBC : 2200+2300 hrs. 28.01.2022 Faruk & Nargis)

### **DOCTORS AMONG THOSE BEGGING FOR FOOD IN TIGRAY**

Some of the nurses and doctors at the biggest hospital in Ethiopia's war-torn Tigray region are having to beg for food to feed themselves, one of the medics has told the BBC. They have not been paid for eight months, forcing them to find other ways of supporting their families, he said. The doctor's account comes as the UN reports that severe hunger was hitting ever more people in Tigray. It says that 2.2 million people are suffering an extreme lack of food. Half of all pregnant and breastfeeding women are suffering from malnutrition, the UN's World Food Programme (WFP) survey found. (BBC : 2200+2300 hrs. 28.01.2022 Faruk & Nargis)

### **NEW BURKINA FASO LEADER VOWS RETURN TO NORMAL**

The new military leader of Burkina Faso has promised a return to the normal constitutional order when the conditions are right. Lieutenant Colonel Paul-Henri Damiba led a mutiny that ousted President Roch Kabore on Monday. He blamed the president for failing to contain violence by Islamist militants. He made his first national speech since taking power on the eve of an emergency summit of West African leaders, called in response to the coup. (BBC : 2200+2300 hrs. 28.01.2022 Faruk & Nargis)

### **TOP OFFICIAL ADMITS ERROR IN AFGHAN EVACUATION ROW**

The Foreign Office's top civil servant has apologised for giving inaccurate answers to MPs about evacuating animals during the fall of Kabul. Sir Philip Barton said he had inadvertently misled a committee investigating UK policy in Afghanistan. Emails leaked to the committee show Foreign Office staff suggesting Boris Johnson had authorised the evacuation of animals and charity staff. Sir Philip admitted he had given MPs incorrect information on this. (BBC : 2200+2300 hrs. 28.01.2022 Faruk & Nargis)

### **JAIL ORDER FOR CORRUPT LIBERIAN EX-DEFENCE MINISTER**

The Supreme Court of Liberia has ordered that a former defence minister be jailed for two years in connection with a corruption case. Brownie Samukai and two colleagues were found guilty two years ago of theft and money laundering in a case involving more than \$1m. They were given a two-year suspended sentence at the time and ordered to pay back half of the money within six months. The jail term has now been imposed as they failed to make the payments within the stipulated time. (BBC : 2200+2300 hrs. 28.01.2022 Faruk & Nargis)

### **RACE IS ON TO REACH SUNKEN US JET: BEFORE CHINA**

A race against time is under way for the US Navy to reach one of its downed fighter jets - before the Chinese get there first. The \$100m F-35C plane came down in the South China

Sea after what the Navy describes as a mishap during take-off from the USS Carl Vinson. The jet is the Navy's newest and crammed with classified equipment. As it is in international waters, it is technically fair game. Seven sailors were injured when the jet came down on Monday after it struck Vinson's deck during a military exercise.

(BBC : 2200+2300 hrs. 28.01.2022 Faruk & Nargis)

#### **NORTH KOREA'S MISSILE AND NUCLEAR PROGRAMME**

North Korea has conducted more missile tests to advance its weapons programme, which it says is necessary to defend itself against a possible US invasion. Already in January, tests have been carried out on hypersonic as well as short-range and long-range ballistic missiles. Last September, a hypersonic missile, a train-based ballistic missile and a long-range cruise missile were all tested, according to North Korean state media. In January 2021 - just before President Biden took office - North Korea unveiled a new submarine-launched ballistic missile at a military parade, calling it the world's most powerful weapon.

(BBC : 2200+2300 hrs. 28.01.2022 Faruk & Nargis)

#### **US IGNORED RUSSIA'S SECURITY CONCERNS: PUTIN**

Russian President Vladimir Putin has told his French counterpart that the West has ignored Russia's security concerns, amid fears Russia could invade Ukraine. The US rejected a key Moscow demand that Nato rule out Ukraine joining the defence alliance - but insisted it was offering Russia a diplomatic path. President Joe Biden has warned there is a distinct possibility Russia might invade Ukraine next month. Russia denies it is planning an attack. But Mr Putin said the stand-off had not been resolved.

(BBC : 0600 hrs. 29.01.2022 Faruk & Nargis)

#### **SIX MIGRANTS DROWN AND DOZENS MISSING OFF TUNISIA**

At least six migrants have drowned and another 30 are missing after the boat they were in capsized off the Tunisian coast. Thirty-four people were rescued by Tunisian navy and coastguard vessels. Survivors said 70 migrants had been aboard the boat from a range of countries including Egypt, Sudan and Morocco. A Tunisian defence spokesman said they had set off from Libya and had been hoping to reach Europe.

(BBC : 0600 hrs. 29.01.2022 Faruk & Nargis)

#### **MOROCCO TO REOPEN AIRSPACE AFTER TWO-MONTH CLOSURE**

Morocco has said it will reopen its airspace to international passenger flights next month. The North African country banned all incoming and outgoing international flights last November to try and limit the spread of the Omicron variant of coronavirus. Moroccan Prime Minister Aziz Akhannouch said that the ban would be lifted on 7 February. Mr Akhannouch urged passengers to comply with Covid-19 guidelines and called on Moroccans to take their vaccine jabs. Morocco has had just more than 15,000 Covid fatalities so far.

(BBC : 0600 hrs. 29.01.2022 Faruk & Nargis)

#### **RWANDA TO REOPEN BORDER WITH UGANDA AFTER THREE YEARS**

Rwanda has announced that its main board with Uganda, closed in 2019, will reopen on Monday. Cross-border movement of people and goods at the Gatuna-Katuna border was halted following tensions between the two East African nations. Produce has only been allowed to pass through two smaller border posts at Cyanka and Kagitumba. The reopening was announced after Lt-Gen Muhoozi Kainerugaba, the son of Ugandan President Yoweri Museveni, went to meet Rwandan President Paul Kagame over the weekend.

(BBC : 0600 hrs. 29.01.2022 Faruk & Nargis)

#### **DARFUR VIOLENCE FORCES 15,000 TO FLEE THEIR HOMES: UN**

Renewed ethnic violence in the Sudanese region of Darfur has led to loss of lives and displaced more than 15,000 people over the last week, the UN says. It says a personal dispute between two men from the Masalit ethnic group and an Arab nomadic group sparked the conflict near the city of El Geneina. Armed nomads then attacked the local market, set fire to part of the village, and killed nine people including two children. The fighting also forced more than 4,000 people to flee across the border to Chad.

(BBC : 0600 hrs. 29.01.2022 Faruk & Nargis)

**::THE END::**